

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৪

০৩ নভেম্বর ২০২০  
তারিখ : -----  
১৮ কার্তিক ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ব্যাংকসমূহ কর্তৃক কেন্দ্রীয় ব্যাংকের নিকট নিয়মিতভাবে দাখিলের নিমিত্তে  
বিবরণী/প্রতিবেদনে প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর প্রসঙ্গে।**

কেন্দ্রীয় ব্যাংকের বিভিন্ন বিভাগে ব্যাংকসমূহ নিয়মিতভাবে বিভিন্ন বিবরণী/প্রতিবেদন দাখিল করে থাকে। এর মধ্যে গুরুত্ব বিবেচনায় কিছু কিছু বিবরণী/প্রতিবেদনে প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরের আবশ্যিকতা রয়েছে, যা ব্যাংক কোম্পানী আইন/সার্কুলার/সার্কুলার লেটার/পত্রের মাধ্যমে ব্যাংকগুলোকে অবহিত করা হয়েছে। তবে ব্যাংকগুলো বিভিন্ন সভায় অবহিত করেছে যে, অনেক সময় প্রধান নির্বাহীর অনুপস্থিতিতে কেন্দ্রীয় ব্যাংকে নির্দিষ্ট সময়ের মধ্যে বিবরণী/প্রতিবেদন দাখিল করা সম্ভব হয় না। আবার কোন কোন বিবরণী/প্রতিবেদন প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে দাখিল করতে হবে সে নির্দেশনাগুলো বহু পূর্বের হওয়ায় বর্তমানে দায়িত্বপ্রাপ্ত নির্বাহীদের নিকট গোচরীভূত নয়।

০২। বর্ণিত প্রেক্ষাপটে এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, বিআরপিডি সার্কুলার নং-০৯ তারিখঃ ৩১ ডিসেম্বর ২০০৮, ডিওএস সার্কুলার লেটার নং-১০ তারিখঃ ০৯ মে ২০১৭, ডিওএস সার্কুলার লেটার নং-০১ তারিখঃ ০৯ জানুয়ারি ২০১৮, এসএফডি সার্কুলার নং-০১ তারিখঃ ২২ এপ্রিল ২০২০, এসএফডি সার্কুলার নং-০২ তারিখঃ ৩০ এপ্রিল ২০২০, এসএফডি সার্কুলার নং-০১ তারিখঃ ১৫ জানুয়ারি ২০১৮, এফএসডি সার্কুলার নং-০১ তারিখঃ ২৪ সেপ্টেম্বর ২০১২ এবং ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ৩৮ ধারা অনুযায়ী কেন্দ্রীয় ব্যাংকে দাখিলের নিমিত্তে বিবরণী/প্রতিবেদনসমূহে আবশ্যিকভাবে প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরের বিষয়ে ব্যাংক কোম্পানী আইন/সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। এতদ্ব্যতীত পরিসংখ্যান বিভাগের ২৫ নভেম্বর ২০১৮ তারিখের ডি,এস,বি,এস-৪(১)/২০১৮-২১৭৩ নং পত্রের নির্দেশনা অনুযায়ী প্রধান নির্বাহীসহ দুজন কর্মকর্তার স্বাক্ষর অথবা প্রধান নির্বাহীর অনুপস্থিতিতে দ্বিতীয় সর্বোচ্চ কর্মকর্তাসহ দুজন কর্মকর্তার স্বাক্ষরে উক্ত বিভাগ সংশ্লিষ্ট বিবরণীসমূহ দাখিল করতে হবে। এছাড়া, অন্যান্য বিবরণী/প্রতিবেদন বাংলাদেশ ব্যাংক অর্ডারের অনুচ্ছেদ ৩৬(৩) অনুযায়ী দুজন দায়িত্বশীল কর্মকর্তার স্বাক্ষরে কেন্দ্রীয় ব্যাংকে দাখিল নিশ্চিত করতে হবে।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২